



শরীয়াহ'র শুদ্ধতায় গড়ে উঠুক
আপনার স্বপ্নের বাড়ি
IDLC ইসলামিক হোম ফাইন্যান্সিং-এ

প্রতিটি মানুষের সবচেয়ে নিরাপদ আশ্রয়স্থল তাঁর বাড়ি। আর, সেই স্বপ্নের বাড়ি হতে পারে বাস্তব আমাদের ইসলামিক ফাইন্যান্সিং-এর সাহায্যে। আপনার প্রয়োজনের সাথে সম্পূর্ণ মানানসই, সহজ এবং পরিপূর্ণ ইসলামিক শরীয়াহভিত্তিক ফাইন্যান্সিং সুবিধা দিচ্ছে আইডিএলসি ইসলামিক।



কেন আইডিএলসি ইসলামিক?

- বৈশ্বিক অভিজ্ঞতা ও স্থানীয় বাস্তবতার উপলব্ধি সম্পন্ন, দক্ষ ও স্বাধীন শরীয়াহ সুপারভাইজরি কমিটি'র মাধ্যমে সর্বোচ্চ মান নিয়ন্ত্রণ ও শরীয়াহ নীতি পরিপালন।
- AAOIFI* Shariah Standards ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত সর্বোত্তম পদ্ধতি অনুসারে তৈরী ডিপোজিট ও ফাইন্যান্সিং প্রোডাক্টস যেমন ইজারা মুনতাহিয়া বিভাগমলীক (IJARAH MUNTAHIA BITTAMLEEK - IMBT)।
- চুক্তি ও লেনদেন প্রক্রিয়ায় শরীয়াহ নির্দেশিত ধাপসমূহ ও তাদের ধারাবাহিকতার পরিপূর্ণ অনুসরণ যেমন মালিকানার অনুপাত অনুযায়ী ইসলামি বীমার ব্যয় বহন।
- শরীয়াহ অনুযায়ী আর্থিক লেনদেনগুলোকে স্বতন্ত্রভাবে পরিচালনা করার জন্য পৃথক ইসলামি ব্যাংকিং সফটওয়্যার।
- চার দশক ধরে দেশের অন্যতম সেরা প্রাতিষ্ঠানিক সুশাসনসম্পন্ন কোম্পানি যা নিরাপত্তা ও স্বচ্ছতার নিশ্চয়তা প্রদান করে।

*Accounting and Auditing Organization for Islamic Financial Institutions

ফাইন্যান্সিং পদ্ধতি

আইডিএলসি ইসলামিক শরীয়াহসম্মত "ইজারা মুনতাহিয়া বিভামলীক - আইএমবিটি" বিনিয়োগ পদ্ধতির মাধ্যমে অর্থায়ন প্রদান করে, যা বাংলাদেশ ব্যাংক এবং আইডিএলসি শরীয়াহ সুপারভাইজরি কমিটি (এসএসসি) দ্বারা অনুমোদিত। অ্যাকাউন্টিং অ্যান্ড অডিটিং অর্গানাইজেশন ফর ইসলামিক ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউশন্স (AAOIFI)-এর শরীয়াহ স্ট্যান্ডার্ড নং ৯ অনুযায়ী, "ইজারা মুনতাহিয়া বিভামলীক" হলো- "এক ধরনের ইজারা/ভাড়া চুক্তি যেখানে ইজারাকৃত সম্পত্তির মালিকানা চুক্তির শেষে অথবা চুক্তির অন্তর্বর্তীকালীন সময়ে পর্যায়ক্রমে ইজারা/ভাড়া গ্রহীতার কাছে হস্তান্তর করার জন্য ইজারা/ভাড়াদাতা প্রতিশ্রুতিবদ্ধ।" "ইজারা মুনতাহিয়া বিভামলীক" [IJARAH MUNTAHIA BITTAMLEEK - IMBT] এর অধীনে দুইটি পদ্ধতিতে বিনিয়োগ সম্পন্ন হতে পারে, ইকুইটি অংশগ্রহণ ও ইজারা পদ্ধতি-

১. ইজারা পদ্ধতি

ইসলামি শরীয়াহ অনুযায়ী, ইজারা হলো দুটি পক্ষের ইজারাদাতা (মালিক) এবং ইজারাগ্রহীতার (ব্যবহারকারী) মধ্যে একটি চুক্তি। এই ব্যবস্থায় ইজারাদাতা তার মালিকানাধীন সম্পত্তির নির্দিষ্ট সুবিধা/ব্যবহার উপভোগ করার জন্য ইজারাগ্রহীতাকে অধিকার প্রদান করে। বিনিময়ে ইজারাগ্রহীতা একটি পূর্বনির্ধারিত পরিমাণ ভাড়া- এককালীন বা প্রতি মাসে- প্রদান করতে সম্মত হোন। এই ইজারা কাঠামোটি অবশ্যই ইসলামি নীতি মেনে চলতে হবে, যাতে লেনদেনটি ন্যায্য, স্বচ্ছ এবং সুদ (রিবা) মুক্ত হয়। ইজারা মেয়াদ শেষে, সম্পদের মালিকানা (আইডিএলসি-এর ইকুইটি অংশ) একটি টোকেন মূল্যের বিনিময়ে এবং একটি পৃথক বিক্রয় চুক্তির মাধ্যমে গ্রাহকের কাছে হস্তান্তর করা হয়।

২. বিক্রয় এবং পুনঃ ভাড়া/ইজারা পদ্ধতি

গ্রাহক তার বিদ্যমান যে কোনও ভাড়াযোগ্য সম্পদ নগদমূল্যে আইডিএলসি-এর কাছে বিক্রি করতে পারেন (যা আইডিএলসি'র ইকুইটি অংশ হিসাবে বিবেচিত হবে) এবং তারপরে আইডিএলসি'র কাছ থেকে ভাড়া/ইজারা নিয়ে সম্পদটি ব্যবহার করতে পারেন। এই ধরনের চুক্তির মাধ্যমে গ্রাহক তার নগদ অর্থের প্রয়োজনীয়তা পূরণ করতে পারেন। ইজারা মেয়াদ শেষে, সম্পদের মালিকানা (আইডিএলসি-এর ইকুইটি অংশ) একটি টোকেন মূল্যের বিনিময়ে এবং একটি পৃথক বিক্রয় চুক্তির মাধ্যমে গ্রাহকের কাছে হস্তান্তর করা হয়। উল্লেখ্য যে, এই পদ্ধতিতে ইজারা চুক্তির মেয়াদ কমপক্ষে ১২ মাস হতে হবে।



আইডিএলসি ইসলামিক হোম ফাইন্যান্স

আপনার স্বপ্নের নিবাস অথবা বাণিজ্যিক স্পেস ক্রয়ের জন্য আর্থিক সেবা প্রদানের সম্পূর্ণ শরীয়াহভিত্তিক সমাধান দিচ্ছে আইডিএলসি ইসলামিক হোম ফাইন্যান্স।

ফাইন্যান্সিং-এর ক্ষেত্র সমূহ

- অ্যাপার্টমেন্ট ক্রয়।
- আবাসিক/বাণিজ্যিক ভবন ক্রয়।
- বাণিজ্যিক, অফিস, দোকান অথবা চেষ্টার ক্রয়।

ফাইন্যান্সিং-এর বৈশিষ্ট্যসমূহ

- IJARAH/ইজারা [ভাড়া] পদ্ধতির অধীনে ফাইন্যান্সিং।
- রেজিস্ট্রেশন খরচসহ সম্পত্তির মূল্যের ৮০% পর্যন্ত ফাইন্যান্সিং সুবিধা।
- কোন লুক্কায়িত চার্জ বা ফী নেই।
- স্বচ্ছতার সাথে ভাড়ার হার নির্ধারণ ও পুনঃনির্ধারণ।
- মেয়াদপূর্তির পূর্বেই আংশিক বা সম্পূর্ণ ফাইন্যান্সিং পরিশোধের সুবিধা।

ফাইন্যান্সিং-এর মেয়াদ

- অ্যাপার্টমেন্ট/আবাসিক ভবনের জন্য সর্বোচ্চ ২৫ বছর।
- বাণিজ্যিক বা অফিস স্পেস, দোকান, চেষ্টার ক্রয়ের জন্য সর্বোচ্চ ১২ বছর।

আওতাধীন এলাকা

অর্থায়ন গ্রহীতাকে অবশ্যই আইডিএলসি শাখা বা বুথের আওতাধীন অনুমোদিত অঞ্চলে বসবাস করতে হবে।

যারা আবেদন করতে পারবেন

- চাকরিজীবী
- পেশাজীবী/আত্মকর্মসংস্থানকারী
- ব্যবসায়ী
- বাড়ির মালিক
- প্রবাসী বাংলাদেশি (NRB)

বয়সসীমা

সর্বোচ্চ ৬৫ বছর
(ফাইন্যান্সিং-এর মেয়াদ
শেষ হবার আগে)

জামানত

প্রস্তাবিত সম্পত্তি অথবা
আইডিএলসি-এর নিকট
গ্রহণযোগ্য অন্য কোন
সম্পত্তির মর্টগেজ বা অন্য
যেকোনো জামানত

পরিশোধের নিয়ম

মাসিক কিস্তি

* শর্ত প্রযোজ্য

আইডিএলসি ইসলামিক হোম ইকুইটি ফাইন্যান্স

নতুন বাড়িতে স্থানান্তর অথবা পুরোনো বাড়িটিকে সংস্কারের মাধ্যমে নতুন করে মনমতো সাজিয়ে তুলতে আপনি আইডিএলসি ইসলামিক হোম ইকুইটি ফাইন্যান্স সুবিধা নিতে পারেন।



ফাইন্যান্সিং-এর ক্ষেত্র সমূহ

নতুন অথবা বিদ্যমান অ্যাপার্টমেন্ট অথবা ভবন সংস্কার অথবা সম্প্রসারণ করতে, অন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে বিদ্যমান লোন/ফাইন্যান্সিং টেকওভার বা নানাবিধ প্রয়োজনে এই ফাইন্যান্সিং পাওয়া যাবে।

ফাইন্যান্সিং-এর বৈশিষ্ট্যসমূহ

- ইজারা [ভাড়া] অথবা সেল এন্ড লিজব্যাক পদ্ধতির অধীনে ফাইন্যান্সিং।
- রেজিস্ট্রেশন খরচসহ সম্পত্তির মূল্যের ৭৫% পর্যন্ত ফাইন্যান্সিং সুবিধা।
- কোন লুক্কায়িত চার্জ বা ফী নেই।
- স্বচ্ছতার সাথে ভাড়ার হার নির্ধারণ ও পুনঃনির্ধারণ।
- মেয়াদপূর্তির পূর্বেই আংশিক বা সম্পূর্ণ ফাইন্যান্সিং পরিশোধের সুবিধা।

ফাইন্যান্সিং-এর মেয়াদ সর্বোচ্চ ২০ বছর

আওতাধীন এলাকা

সম্পত্তিটি আইডিএলসি-এর শাখা বা বুথ এর আওতাধীন এলাকাতে অবস্থিত হতে হবে।

যারা আবেদন করতে পারবেন

- চাকরিজীবী
- পেশাজীবী/আত্মকর্মসংস্থানকারী
- ব্যবসায়ী
- বাড়ির মালিক
- প্রবাসী বাংলাদেশি (NRB)

বয়সসীমা

সর্বোচ্চ ৬৫ বছর
(ফাইন্যান্সিং-এর মেয়াদ
শেষ হবার আগে)

জামানত

প্রস্তাবিত সম্পত্তি অথবা
আইডিএলসি-এর নিকট
গ্রহণযোগ্য অন্য কোন
সম্পত্তির রেজিস্টার্ড
মর্টগেজ

পরিশোধের নিয়ম

মাসিক কিস্তি

বিশেষ দৃষ্টব্য > বিলম্বিত পরিশোধের চার্জ

কিস্তির অর্থ প্রদানে বিলম্ব করা থেকে বিরত রাখতে ক্লায়েন্টকে বকেয়া কিস্তির পরিমাণের উপর বিলম্বে পরিশোধের দণ্ড (লেট পেমেন্ট চার্জ) ধার্য করা হবে। এইভাবে সংগৃহীত মোট লেট পেমেন্ট চার্জ আইডিএলসি ফাইন্যান্স পিএলসি-র শরীয়াহ সুপারভাইজরি কমিটি (এসএসসি) দ্বারা অনুমোদিত দাতব্য উদ্দেশ্যে ব্যয় করা হবে।





আইডিএলসি ইসলামিক
সম্পর্কে বিস্তারিত জানতে
Scan করুন



📍 CORPORATE HEAD OFFICE:
BAY'S GALLERIA (1ST FLOOR),
57 GULSHAN AVENUE, DHAKA-1212

✉ CONTACTCENTER@IDLC.COM

☎ 16409 🌐 idlc.com

